# 37892 - ডায়াবেটিকস রোগীদের ইনসুলিন ইনজেকশন গ্রহণ করা রোযা-ভঙ্গকারী নয়

প্রশ্ন

আমার ভাই ডায়াবেটিকস রোগে আক্রান্ত। তাকে দৈনন্দিন ইনসুলিন ইনজেকশন নেওয়া লাগে। এ ইনজেকশন কি রোযা ভঙ্গ করবে? মূলতঃ তার উপরে কি রোযা ফরয?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

চিকিৎসার জন্য দিনের বেলায় উল্লেখিত ইনজেকশন গ্রহণ করতে কোন আপত্তি নেই; আপনাকে রোযা কাযা করতে হবে না। আর যদি আপনার কোন কষ্ট হওয়া ছাড়া রাতের বেলায় ইনজেকশনটি গ্রহণ করা যায় তাহলে সেটাই উত্তম।

[আল-লাজনাদ দায়িমা লিল বুহুছিল ইলমিয়্যা ওয়াল ইফতা (১০/২৫২)]

'ডায়াবেটিক্স রোগীর রোযা রাখার বিধান' সংক্রান্ত আপনার দ্বিতীয় প্রশ্নটি সম্পর্কে জানতে 1319 নং প্রশ্নোত্তরটি দেখুন:

আল্লাহ্ই সর্বজ্ঞ।